



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শুজ্বলা ও আপিল বিভাগ

www.pallisanchaybank.gov.bd

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৫৭১)/২০২৩-২৪(২০২৫-২৬)/১৮০৮

তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রি.

পল্লী সঞ্চয় ব্যাংক, কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীন রুজুকৃত শুজ্বলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৫৭/২০২৪-২৫ এর

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ শামীম হোসেন (এস-২১৮০) মাঠ সহকারী, (সাময়িকভাবে বরখাস্তকৃত), জেলা (আঞ্চলিক) কার্যালয়, পটুয়াখালী (সংযুক্ত); ইত:পূর্বে সদর শাখা, পটুয়াখালী এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে বিভাগীয় মামলা নম্বর ৫৭/২০২৪-২৫ রুজুপূর্বক ১৪/০১/২০২৫ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৫৭১)/২০২৩-২৪(২০২৪-২৫)/১২৬৫ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেছেন। অতঃপর বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০১ (এক) জন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনান্তে আপনি জনাব মোঃ শামীম হোসেন আপনাকে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করত লঘু দণ্ড তথা “তিরস্কার” দণ্ড প্রদান করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু আপনি জনাব মোঃ শামীম হোসেন, কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২(১)(ক)(অ) প্রবিধি অনুসারে “তিরস্কার” দণ্ডের আদেশ দিলেন।

০৫। এছাড়াও আপনি ফৌজদারী মামলায় গ্রেফতারের কারণে সাময়িক বরখাস্ত থাকায় উক্ত ফৌজদারী মামলা নিষ্পত্তির পূর্ব পর্যন্ত আপনার সাময়িক বরখাস্তের আদেশ বহাল রাখার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-



(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক


জনাব মোঃ শামীম হোসেন (এস-২১৮০)
মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত)
সদর শাখা, পটুয়াখালী।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(৫৭১)/২০২৩-২৪(২০২৪-২৫)/১৮০৮

তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ-বরিশাল, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৬। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ (অবগতি ও ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
- ০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পটুয়াখালী। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ মোঃ শামীম হোসেন, মাঠ সহকারী-এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি daa.support1@pallisanchaybank.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।
- ০৮। সংশ্লিষ্ট নথি/মহানথি/ব্যক্তিগত নথি।


(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার